# 2023

## BENGALI

Paper : BEN–HC–2026

( বাঙালির সামাজিক ও সাংস্কৃতিক পরিচয় )

( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কোন্ নৃতত্ত্ববিদ ভারতবর্ষে নিগ্রোবটুদের অস্তিত্ব স্বীকার করেন না?

(খ) আদি অস্ট্রেলীয় নরগোষ্ঠীর যে অংশ মধ্য ও পূর্ব ভারতের অধিবাসী, ফন্ আইক্স্টেডট্ তাদের কী নামকরণ করেছেন?

(গ) অসমের পূর্ব প্রান্তে চিনদেশের সীমায় য়ুনান প্রদেশকে ত্রয়োদশ শতক পর্যন্ত প্রাচ্য ভৌগোলিক ব্যবসায়ীরা কী নামে অভিহিত করতেন?

(ঘ) কোন্ আদিম জনগোষ্ঠীর মানুষ মৃতদেহকে কাপড় বা গাছের ছালে জড়িয়ে ডালে ঝুলিয়ে রাখত বা মাটিতে পুঁতে তার ওপর বড়ো বড়ো পাথর দাঁড় করিয়ে রাখত?

(ঙ) আবুল ফজল কোন্ গ্রন্থে 'বাঙলা-বাঙ্গালা' নামের ব্যাখ্যা দিয়েছেন?

(চ) ১২৩৪ খ্রিস্টাব্দের মেহার লিপি অনুসারে ত্রিপুরা কোন্ ভুক্তির অন্তর্গত ছিল?

(ছ) 'প্রাকৃত পৈঙ্গল' গ্রন্থের অন্তর্গত বাঙালির খাদ্য তালিকাটিতে কোন্ শাকের উল্লেখ আছে?

(জ) বাংলার কালচারের প্রথম পর্ব কোনটি?

(ঝ) গরাণহাটী, মনোহরশাহী, রাণিহাটী—এই নামগুলো বঙ্গ সংস্কৃতির কোন্ দিকটিকে নির্দেশ করে?

(ঞ) বাংলার জমিদারী ব্যবস্থায় কত সালে 'চিরস্থায়ী বন্দোবস্ত' নীতি প্রয়োগ করা হয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কর্ণাট প্রদেশ ও তামিলভূমি থেকে কোন্ দুটি রাজবংশ একাদশ শতকে বঙ্গদেশে সার্থক বিজয়াভিযান করেছিলেন?

(খ) প্রাচীন বাংলার জনপদ বিভাগের কথা বলতে গিয়ে সর্বাগ্রে কোন্ দুটি বিভাগের নাম মনে আসে?

(গ) রাজপরিবারের এবং অভিজাতবর্গের পুরুষদের মধ্যে কোন্ দুটি ক্রীড়া সুপ্রচলিত ছিল?





(ঘ) বাংলার কালচারের যে কোনো দুটি কেন্দ্রের নাম লেখো।

(ঙ) ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য অনুযায়ী এমন দুটি গ্রন্থের নাম লেখো যেখানে 'বাবুর যুগ' চিরস্থায়ী হয়ে আছে?

৩। নিম্নলিখিত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ঔপনিবেশিক ব্যবস্থায় বাংলার পল্লীশিল্প কীভাবে ধ্বংস হয়েছিল, লেখো।

(খ) বাংলার চিত্রবিদ্যার একটি পরিচয় দাও।

(গ) বাংলার 'কালচার' ও 'সংস্কৃতি'র মধ্যে কী প্রভেদ তা গোপাল হালদারের বক্তব্য অনুসরণে উল্লেখ করো।

(ঘ) সেন ও পাল রাজারা কোন্ উপাধিতে পরিচিত হতে ভালোবাসতেন? রাজা শশাঙ্কের পর থেকে কোন্ তিনটি জনপদ বঙ্গদেশের সমার্থক হয়ে ওঠে? এই জনপদগুলো ছাড়া পূর্ব ও দক্ষিণবঙ্গে যে কয়টি জনপদ গড়ে উঠেছিল তাদের নাম লেখো। ১+২+২=৫

(ঙ) ব্রাকিড জনগোষ্ঠীর একটি পরিচয় দাও।

(চ) টীকা লেখো :

তাম্রলিপ্ত জনপদ *অথবা* বাঙালির গৃহক্রীড়া

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) কর্নওয়ালিশি ভূমি-ব্যবস্থা সম্পর্কে যা জানো লেখো।

(খ) বাংলার কালচারের দশদিক কী কী তা বুঝিয়ে দাও।

(গ) বাংলার মানসিক ও আধ্যাত্মিক সংস্কৃতির একটি পরিচয় লিপিবদ্ধ করো।

(ঘ) বাংলার মানস-সংস্কৃতিতে দ্রাবিড়-ভাষীদের অবদান পর্যালোচনা করো।

(ঙ) তোমার পাঠ্য অংশ অবলম্বনে বিভিন্ন প্রদেশ থেকে বাংলায় এসে রাজত্ব করেছেন এমন কয়েকটি রাজবংশের পরিচয় দাও।

(চ) প্রাচীন বঙ্গের জীবনচিত্রে বাসনা, ব্যসন ও নগরাদর্শ কেমন ছিল তার একটি বিবরণ দাও।

(ছ) প্রাচীন বঙ্গদেশের খাদ্যাভ্যাস সম্বন্ধে একটি প্রতিবেদন প্রস্তুত করো।

(জ) প্রাচীন বঙ্গদেশে অবস্থিত নগর ও পল্লিবাসিনীদের পরিচয় দাও।

★★★